# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

মোবাইল: ০১৩৩৫-০৬৯১০০, ফোন: ০৮১-৭০০৪৫, ই-মেইল: registrarcou@gmail.com, website: www.cou.ac.bd


স্মারক নং- কু.বি./রেজি./ছাত্র-ছাত্রী ভর্তি-১৯৮/২০০৯ (অংশ-১৬-২)/ তারিখ: ২৮/০১/২০২৬খ্রি.

## বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৩০ ও ৩১ জানুয়ারি, ২০২৬। অদ্য ২৬/০১/২০২৬খ্রি: তারিখে মাননীয় উপাচার্যের সভাপতিত্বে জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সাথে কেন্দ্রীয় কমিটির এক যৌথ সভায় পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণসহ বিভিন্ন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরীক্ষার্থীদেরকে যানজট বিবেচনা করে এক দিন আগেই কুমিল্লায় অবস্থান করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। পরীক্ষার্থীরা পরীক্ষা শুরু হওয়ার এক ঘন্টা পূর্বেই স্ব স্ব কেন্দ্রে প্রবেশ করতে পারবে এবং পরীক্ষা শুরু হওয়ার ত্রিশ মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। তবে পরীক্ষা শুরু হওয়ার পর পরীক্ষার্থীদেরকে কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না। ভর্তি পরীক্ষা চলাকালীন কোন ধরনের ইলেক্ট্রনিক্স ডিভাইস (মোবাইল ফোন, ক্যালকুলেটর, ঘড়ি, ক্যামেরা, ট্যাব, এটিএম কার্ড, ব্লুটুথ বা অন্য কোন ডিভাইস) সঙ্গে রাখতে পারবে না, তবে পরীক্ষার্থীরা তাদের স্ব স্ব ব্যাগ সাথে নিয়ে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করতে পারবে এবং ঐ সমস্ত ডিভাইস (যদি সঙ্গে থাকে) তাদের স্ব স্ব ব্যাগে রেখে ঐ ব্যাগ পরীক্ষার হলের বারান্দায় কর্ণারে রেখে পরীক্ষা দিতে পারবে। পরীক্ষার নিরাপত্তার স্বার্থে পরীক্ষার হলে পরীক্ষার্থীদের কানে কোন ডিভাইস আছে কিনা তল্লাশী করে দেখা হবে। পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রে তালিকাভুক্ত সংশ্লিষ্ট বিশেষ দায়িত্বরত ব্যক্তি ব্যতিত পরিদর্শকসহ অন্য কেউ মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না। এছাড়া কেন্দ্র ও বাহিরে আশ-পাশের (হাইওয়, রেলওয়ে স্টেশন) নিরাপত্তা ও শৃঙ্খলা রক্ষায় অতিরিক্ত পুলিশ, গোয়েন্দা সংস্থা, র‍্যাব ও সাদা পোশাকে নিরাপত্তা সদস্য, বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি এবং রোভার স্কাউট নিয়োজিত থাকবে।

ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.cou.ac.bd, **https://cou.admission-aid.com** অফিসিয়াল ফেসবুক পেইজ: https://www.facebook.com/comillauniversityofficial এবং Help Line: : 01557-330381/01557-330382/01709-133856 থেকে জানা যাবে।

২৮/০১/২০২৬

(প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ও
সদস্য-সচিব
ভর্তি পরীক্ষা কেন্দ্রীয় কমিটি-২০২৫-২৬
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।